গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

আগস্ট ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : শাহ মোহাম্মদ মাহবুব, মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

তারিখ ও সময় : ২৪ আগস্ট ২০২৬, বেলা: ০২.৩০ ঘটিকা।

স্থান : পদ্মা সভাকক্ষ (১০ম তলা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম		আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	বিগত জুন ২০২৬ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপিত হয় এবং সিদ্ধান্তের বিষয়ে পর্যালোচনা করা হয়।	জুন ২০২৬ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
০২	নতুন কর্মকর্তাদের পরিচিতি ও পদায়ন	নতুন পদোন্নতি প্রাপ্ত পরিচালক, নতুন যোগদানকৃত এবং নতুন পদায়নকৃত কর্মকর্তাদের পরিচয়পর্ব দায়িত্ব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	১. পদোন্নতি প্রাপ্ত ও নতুন যোগদানকৃত কর্মকর্তাদের দায়িত্ব যথাযথভাবে পালনে সকলকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। ২. শিশু সুরক্ষা ইউনিটকে শক্তিশালী করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (সকল)
০৩	বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়	পরিচালক (প্রশাসন ও অর্থ) দেশের চলমান জ্বালানি সংকট এবং বিদ্যুৎ ব্যবহারে অপচয় রোধ নিয়ে সভায় আলোচনা করেন।	১. অফিস কক্ষ ত্যাগের সময় এসি (AC), লাইট ও ফ্যান সম্পূর্ণ বন্ধ রাখতে হবে। বাংলাদেশ সরকারের নির্দেশনা অনুযায়ী এসির তাপমাত্রা সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তাঁর উপরে রাখতে হবে। ২. একই মিটিংয়ে যাতায়াতের ক্ষেত্রে অথবা কোন নির্দিষ্ট এলাকায় সরকারি কাজে যেতে হলে ৩-৪ জন কর্মকর্তা একই গাড়ি শেয়ার করে যাতায়াত করতে হবে। ৩. বৈশ্বিক প্রেক্ষাপটে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সরকার প্রদত্ত নির্দেশনাসমূহ মেনে চলতে হবে।	সকল কর্মকর্তা ও কর্মচারী
০৪	অফিসে নিয়মিত উপস্থিতি ও ডিজিটাল হাজিরা	কর্মকর্তা-কর্মচারীদের অফিসে যথাসময়ে উপস্থিতি নিশ্চিতকরণ এবং নতুন কর্মকর্তা-কর্মচারীদের বায়োমেট্রিক হাজিরা চালুকরণ বিষয়ে সভায় আলোচনা হয়।	১. সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত অফিসে উপস্থিতি কঠোরভাবে মেনে চলতে হবে। ২. আগামী ২-৩ দিনের মধ্যে আইসিটি শাখা হতে পত্রের মাধ্যমে অনিবন্ধিত কর্মকর্তা-কর্মচারীদের বায়োমেট্রিক হাজিরা নিশ্চিত করতে হবে। ৩. চলমান সব সফটওয়্যার/ওয়েবসাইটের লিংক সমাজসেবা অধিদপ্তরের পোর্টালে "সেবা কর্ণার"-এ যুক্ত করতে হবে।	সিস্টেম এনালিষ্ট ও সকল কর্মকর্তা-কর্মচারী
০৫	নির্বাচনী ইশতেহার ও ২০২৬	পরিচালক (প্রশাসন ও অর্থ) বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ও ২০২৬-২৭	বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী ও ২০২৬-২৭ অর্থবছরের বাস্তবায়নযোগ্য কর্মপরিকল্পনার খসড়া হোয়াটসঅ্যাপ গ্রুপ ও ই-মেইলে প্রেরণের মাধ্যমে	পরিচালক (সকল) এবং সিস্টেম এনালিষ্ট

ক্রম		আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	অর্থবছরের কর্মপরিকল্পনা	অর্থবছরের কর্মপরিকল্পনা প্রণয়নে সবার অংশগ্রহণ এবং জিপিএমএস (GPMS)-এর লক্ষ্যমাত্রা নির্ধারণ বিষয়ে সভায় আলোচনা করেন।	মতামত নিতে হবে। সেপ্টেম্বর মাসের মধ্যে জিপিএমএস-এর লক্ষ্যমাত্রা নির্বাচনী ইশতেহারের সাথে সমন্বয় করে সংশোধন করতে হবে।	
০৬	ফ্যামিলি কার্ড এর কার্যক্রম পরিচালনার জন্য অফিস সরঞ্জামাদি ও জনবল সংক্রান্ত	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ফ্যামিলি কার্ডের পেরোল এন্ট্রি অগ্রগতি (৯৬%), মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণে ব্যয়িত অর্থ বরাদ্দ প্রদান এবং নতুন গঠিত উপজেলা/ ইউনিয়ন/ সিটি কর্পোরেশন/নতুন ওয়ার্ড নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।	১. ফ্যামিলি কার্ড এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণে ব্যয়িত অর্থ SSPIRIT প্রকল্প বা মূল বরাদ্দ থেকে দ্রুত বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। ২. আগষ্ট, ২০২৬ মাসের পেরোল (৭০,৮৬১ সুবিধাভোগী) দ্রুত ছাড় করতে হবে। ৩. নতুন প্রশাসনিক ইউনিটে দায়িত্ব প্রদানের অফিস আদেশ জারি করতে হবে এবং নতুন পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠাতে হবে।	পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা) ও পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রকল্প পরিচালক (SSPIRIT)
০৭	ভাতা বিতরণ ও পে-রোল ব্যবস্থাপনা	সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা বিতরণ পরিস্থিতি এবং এনআইডি/ফিঙ্গারপ্রিন্টজনিত জটিলতা নিয়ে আলোচনা।	এনআইডি ও ফিঙ্গারপ্রিন্টজনিত ত্রুটিসমূহ স্থানীয় পর্যায়ে দ্রুত সমাধান করে শতভাগ ক্যাশলেস ভাতা বিতরণ ও পে-রোল ডাটাবেজ নিয়মিত হালনাগাদ করতে হবে। জটিলতার কারণে যেন কোনো প্রকৃত ভাতাভোগী ভাতা প্রাপ্তি থেকে বঞ্চিত না হন সে বিষয়ে সতর্ক থাকতে হবে।	পরিচালক (সামাজিক নিরাপত্তা) ও সকল বিভাগীয় পরিচালক
০৮	জটিল রোগীদের চিকিৎসা অনুদান	পরিচালক (সামাজিক নিরাপত্তা) ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, প্যারালাইসিস, হৃদরোগ, লিউকেমিয়া এবং থ্যালাসেমিয়া আক্রান্ত ব্যক্তিদের আর্থিক সহায়তা কর্মসূচির সংশোধিত নীতিমালা এবং আবেদন প্রক্রিয়া নিয়ে সভায় আলোচনা করেন।	১. জেলা পর্যায়ে অপেক্ষমান অনলাইন আবেদনগুলো এক সপ্তাহের মধ্যে উপজেলা কমিটিতে স্থানান্তরের ব্যবস্থা করতে হবে।	পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা)
০৯	ক্ষুদ্রঋণ কার্যক্রম	পরিচালক (কার্যক্রম) ক্ষুদ্রঋণ এর আদায়ের লক্ষ্যমাত্রা (৯১.৫%) বিষয়ে সভায় আলোচনা করেন।	১. সর্বোচ্চ ক্ষুদ্রঋণ আদায়কারী (৯০%-এর বেশি) সমাজকর্মীদের উৎসাহিত করার জন্য প্রণোদনা/পুরস্কৃত করতে হবে। ২. GPMS এ প্রদত্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায়ের হার নিশ্চিত করতে হবে।	পরিচালক (কার্যক্রম) ও বিভাগীয় পরিচালক (সকল)
১০	রোগী কল্যাণ সমিতি	পরিচালক (কার্যক্রম) রোগী কল্যাণ সমিতির তথ্য না পাঠানোর বিষয়ে সভায় আলোচনা করেন।	১. রংপুর ও ময়মনসিংহ বিভাগের হাসপাতাল সমাজসেবা কার্যালয়কে দ্রুত ছক অনুযায়ী রোগী কল্যাণ সমিতির তথ্য পাঠাতে হবে। ২. সরকারি হাসপাতাল অথচ রোগী কল্যাণ সমিতি নেই এমন ১৮টি জেলার তালিকা চলতি সপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে।	পরিচালক (কার্যক্রম) এবং পরিচালক, রংপুর ও ময়মনসিংহ বিভাগ
১১	প্রবেশন কার্যক্রম ও জনবল সংকট ব্যবস্থাপনা	ফ্যামিলি কার্ডের অতিরিক্ত দায়িত্বের কারণে প্রবেশন কার্যক্রম ব্যাহত হওয়া বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ফ্যামিলি কার্ডের কাজ শেষ হলে প্রবেশন অফিসারদের মূল দায়িত্বে/কর্মস্থলে ফিরিয়ে নেওয়া হবে। প্রবেশন কার্যক্রমে শূন্যপদসমূহে সমাজসেবা অফিসারদের অতিরিক্ত দায়িত্ব প্রদান করে কার্যক্রম সচল রাখতে হবে।	পরিচালক (কার্যক্রম অধিশাখা)

ক্রম		আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১২	স্বেচ্ছাসেবী সংস্থার রেজিস্ট্রেশন ব্যবস্থাপনা	স্বেচ্ছাসেবী সংস্থার রেজিস্ট্রেশন ব্যবস্থাপনা এবং সমাজসেবা পোর্টাল ও সফটওয়্যার সমন্বয় বিষয়ে সভায় আলোচনা করেন।	সংস্থাসমূহের যাবতীয় তথ্যাদি ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের জন্য সফটওয়্যার তৈরি করতে হবে সেইসাথে অনলাইনে রেজিস্ট্রেশন আবেদন করার ব্যবস্থা করতে হবে।	পরিচালক (কার্যক্রম অধিশাখা) ও আইসিটি শাখা
১৩	জেলা সমাজসেবা কমপ্লেক্স (SOP)	সভায় খসড়া SOP-এর অগ্রগতি পর্যালোচনা করা হয়।	খসড়া SOP চূড়ান্ত অনুমোদনের জন্য দ্রুত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
১৪	জেলা কমপ্লেক্সে ডে-কেয়ার সেন্টার প্রদান	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জেলা সমাজসেবা কমপ্লেক্সের নিচতলায় ডে-কেয়ার সেন্টার স্থাপন বিষয়ে আলোচনা করেন।	অবশিষ্ট ২১টি জেলা কমপ্লেক্সে ডে-কেয়ার সেন্টারের জন্য স্থান/কক্ষ বরাদ্দের এবং জনবল নিয়োগের জন্য Position paper সহ Project করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
১৫	প্রশিক্ষণ ও পেশাগত দক্ষতা উন্নয়ন	১৫.১ প্রশিক্ষণ: ক) ইশারা ভাষা প্রশিক্ষণ খ) অডিট আপত্তির জবাব প্রস্তুত ও নিষ্পত্তি সংক্রান্ত প্রশিক্ষণ ১৫.২ জার্নাল প্রকাশ: ২১.০৮.২৬ তারিখ অনুষ্ঠিত রিভিউয়ার্স কমিটির সভা হতে সুপারিশকৃত ০৮ টি প্রবন্ধ প্রকাশের জন্য বর্তমানে প্রেসের কাজ চলছে। ১৫.৩ একাডেমির সক্ষমতা বৃদ্ধিকরণের নিমিত্ত ডিপিপি প্রণয়ন করা হয়েছে। ১৫.৪ কোর্স কারিকুলাম এবং প্রশিক্ষণ: বর্ষপঞ্জি চূড়ান্তকরণ"জাতীয় সমাজসেবা একাডেমি ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের ২০২৬-২৭ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়ন ও প্রশিক্ষণ কারিকুলাম পর্যালোচনা" শীর্ষক কর্মশালা গত ৩ আগস্ট, ২০২৬ খ্রি. অনুষ্ঠিত হয়েছে। ১৫.৫ ২৪-২৫ আগস্ট, ২০২৬ খ্রি. ৩৫ জন কর্মকর্তাকে নিয়ে 'MIS ও Payroll ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ (ToT)' শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।	১৫.১ (ক) কর্মকর্তাদের ইশারা ভাষা প্রশিক্ষণ প্রদান করতে হবে (খ) অডিট আপত্তি নিষ্পত্তির বিশেষ প্রশিক্ষণ আয়োজন করতে হবে ১৫.২ জার্নালে প্রকাশের নিমিত্ত দ্রুত প্রেসের কাজ সম্পন্ন করতে হবে। ১৫.৩ একাডেমির সক্ষমতা বৃদ্ধিকরণের নিমিত্ত ডিপিপি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ১৫.৪ কর্মশালার আলোকে প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়ন ও প্রশিক্ষণ কারিকুলাম চূড়ান্ত করতে হবে। ১৫.৫ **ToT** প্রশিক্ষণপ্রাপ্ত **প্রশিক্ষকগণ সারা দেশের** মাঠ পর্যায়ের 'MIS ও Payroll ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবে।	অধ্যক্ষ জাতীয় সমাজসেবা একাডেমি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যক্ষ জাতীয় সমাজসেবা একাডেমি
১৬	সরকারি প্রতিষ্ঠান ব্যবস্থাপনা (শিশু পরিবার)	এতিম নিবাসীদের দুর্বল ফলাফল ও নিম্নমানের খাবার মেনু পরিবেশন এবং নিবাসীদের আঁকা ছবি নিয়ে	১. তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক তাঁদের সকাল ও রাতে আবাসিক এলাকায় থেকে পড়াশোনার তদারকি করতে হবে এবং শিক্ষার্থীদের সেরা স্কুলে ভর্তির ব্যবস্থা করতে হবে। খাবার মেনু ও পড়ালেখা সংক্রান্ত ছবি	পরিচালক (প্রতিষ্ঠান অধিশাখা)

ক্রম		আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		কেন্দ্রীয়ভাবে প্রদর্শনীর ও ক্রীড়া প্রতিযোগীতা। এছাড়াও ৭৬টি সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়ের দৃষ্টি প্রতিবন্ধীদের বিভিন্ন বিদ্যালয়ে বা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির বিষয়ে আলোচনা করা হয়।	হোয়াটসঅ্যাপ গ্রুপে প্রতিদিন দিতে হবে। ২. জাতীয় পুষ্টি পরিষদের পুষ্টিবিদদের সহায়তায় আদর্শ খাবার মেনু তৈরি করে তা অনুমোদনপূর্বক প্রতিষ্ঠানগুলো প্রেরণ নিশ্চিত করতে হবে। ৩. নিবাসীদের আঁকা বাছাইকৃত ছবিগুলো নিয়ে দ্রুত কেন্দ্রীয়ভাবে প্রদর্শনীর আয়োজন করতে হবে । ৪. ২০২৫-২৬ অর্থবছরে যারা ক্রীড়া প্রতিযোগীতায় ১ম ও ২য় স্থান অধিকার করেছে তাদের নিয়ে ২০২৬-২৭ অর্থবছরে কেন্দ্রীয় ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করতে হবে। ৫. প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা ২০১৯ ও প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুযায়ী বিভিন্ন বিদ্যালয়ে প্রতিবন্ধী শিশু ভর্তির ব্যবস্থা নিতে হবে।	
১৭	ছোটমনি নিবাস	ছোটমনি নিবাসের অসুস্থ শিশুদের চিকিৎসার জন্য শিশু হাসপাতাল, শ্যামলী, ঢাকা এর সাথে সমাজসেবা অধিদপ্তরের সমঝোতা স্মারক এবং অন্যান্য প্রতিষ্ঠানের নিবাসীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য অধিদপ্তর ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে খসড়া সমঝোতা স্মারক অনুমোদনের জন্য ৯৯ স্মারক তারিখ: ২৬ জুলাই ২০২৬ মূলে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	চিকিৎসা, সমাজসেবা কার্যক্রম শাখা থেকে ইতোমধ্যে প্রেরিত সমঝোতা স্মারক (MoU) -এর অনুচ্ছেদ ০৩ এর অনুচ্ছেদ (গ), এর পর উপানুচ্ছেদ (ঘ) সমাজসেবা অধিদপ্তরের প্রতিষ্ঠানসমূহে অবস্থানরত নিবাসীদের অসুস্থতাজনিত চিকিৎসা সেবায় জরুরী সহায়তা প্রদান করা; প্রয়োজন হলে এ বিষয়ে নতুন সমঝোতা স্মারক (MoU) এর প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রতিষ্ঠান অধিশাখা)
১৮	পদ সৃষ্টি ও শুণ্যপদ পূরণ	শূন্য পদ পূরণ : ১. ইউনিয়ন সমাজকর্মীদের ফিল্ড সুপারভাইজার পদে পদোন্নতির ডিপিসি (DPC) ২৪ আগস্ট ২০২৬ তারিখ অনুষ্ঠিত হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ২. জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ৮২০ পদের অনুমোদন পাওয়ার পর ১ম ধাপে ২০২টি পদ সৃজনপূর্বক নিয়োগ সম্পন্ন হয়েছে। ২য় ধাপে ৯৮টি পদের অনুমোদন পাওয়া গিয়েছে। ৩. জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী সমাজসেবা অধিদপ্তরের অবশিষ্ট ৫২০টি পদ সৃজনের প্রস্তাব স্মারক নম্বর	১. মোট ১৪৮৫টি শূন্য পদের নিয়োগ ফাইল অর্থ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে দ্রুত ফলোআপ করতে হবে। ২. ২৪/০৮/২০২৬ তারিখে ডিপিসি (DPC) সম্পন্ন হয়েছে। অন্য মূল পদগুলো পূরণের নিমিত্তে পুনরায় ডিপিসি (DPC) আহবান করতে হবে। ৩. e-Gp প্রক্রিয়ায় ০৩ টি দরপত্র আহবান করার প্রক্রিয়া চলমান। ৪. শান্তিনিবাস এর জনবল সচিব কমিটিতে অনুমোদিত হয়েছে যার কার্যবিবরণী ও প্রয়োজনীয় কাগজপত্র দ্রুত সংগ্রহ করতে হবে। ৫. প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরিত ৫২০ টি পদসৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ অধিশাখা)

ক্রম		আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		৪১.০১.০০০০.০২৪.১৫.০০২.২৩.৩০০ তারিখ ৪ জানুয়ারি ২০২৬ যোগে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা করেন।		
১৯	পেন্ডিং তালিকা;	সমাজসেবা অধিদপ্তরের পেন্ডিং তালিকার বিষয়ে সভায় আলোচনা হয়।	পেন্ডিং তালিকা প্রতি মাসের ১ তারিখের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
২০	আইন ও বিধি	মামলার জবাব যথাসময়ে প্রেরণ ও দক্ষতার সাথে নিষ্পত্তিকরণে করণীয় বিষয়ে আলোচনা হয়।	১. আইন ও মামলা শাখাকে গতিশীল করতে নতুন প্যানেল আইনজীবী নিয়োগের প্রস্তাব লেজিসলেটিভ বিভাগে পাঠাতে হবে। ২. মামলার ডিজিটাল নথি ব্যবস্থাপনা আগামী ২ মাসের মধ্যে চালু করার ব্যবস্থা করতে হবে। ৩. বিচারাধীন সকল মামলার তালিকা হালনাগাদ রেখে সংশ্লিষ্ট প্যানেল আইনজীবীদের মাধ্যমে যথাসময়ে জবাব দাখিল নিশ্চিত করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ অধিশাখা)
২১	আইসিটি, ডিজিটাল নথি ব্যবস্থাপনা (D-Nothi)	ডি-নথির ব্যবহার বৃদ্ধি বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ন্যূনতম ৯০% ফাইল ডি-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে।	আইসিটি শাখা, সিস্টেম অ্যানালিস্ট
২২	অডিট আপত্তির যথাযথ জবাব প্রস্তুত ও নিষ্পত্তি	১৮০৬টি অডিট আপত্তি নিষ্পত্তি নিয়ে সভায় আলোচনা করা হয়।	১. অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে উপপরিচালকদের কঠোর তদারকি করতে হবে। ২. যেহেতু প্রতিবছর অডিট আপত্তির পরিমান অধিক সংখ্যক হারে বৃদ্ধি পাচ্ছে। তাই এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ অধিশাখা)
২৩	মেরামত ও সংস্কার	১. সমাজসেবা অধিদপ্তরের ভবনসমূহ সংস্কারের বরাদ্দ অর্থবছরের শেষ সময়ে মাঠ পর্যায়ে ন্যস্ত করণের বিষয়ে আলোচনা করা হয়। ২. জেলা সমাজসেবা কমপ্লেক্স এর লিফট মেরামতের বিষয়ে আলোচনা। ৩. মেরামত ও সংরক্ষন খাতের অন্যান্য ভবন ও স্থাপনাখাতে বরাদ্দকৃত অর্থ যথাযথ প্রক্রিয়ায় ব্যয় নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা হয়।	১. ডাবল স্টারযুক্ত (**) কোডের বাজেট ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে বিভাজন অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং স্টারবিহীন কোডের বাজেট ১৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে মাঠ পর্যায়ে ন্যস্ত করতে হবে। ২. লিফট মেরামতের প্রাক্কলন/ চাহিদা ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং লিফট মেরামতের প্রাক্কলন প্রাপ্তি সাপেক্ষে সমাজসেবা অধিদপ্তরের বাজেট শাখাকে অবহিত করতে হবে এবং চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় বাজেট সংশোধিত বাজেটে সংস্থান করতে হবে। ৩. জেলা সমাজসেবা কমপ্লেক্স এর টেকসই মেরামত ও সংরক্ষনের জন্য গণপূর্ত বিভাগের লিষ্টে অর্ন্তভুক্তির জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করতে হবে। ৪. PPR-২০২৫ এবং প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ) পরিচালক (প্রতিষ্ঠান) পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) বাজেট ব্যবস্থাপনা কমিটি

ক্রম		আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২৪	বাজেট ব্যবস্থাপনা	বাজেটের আইবাস (iBAS++) বরাদ্দ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	আর্থিক বিধি মেনে অনুমোদিত প্রকিউরমেন্ট প্ল্যান অনুযায়ী বাজেট ব্যয় সম্পন্ন করতে হবে।	বাজেট ব্যবস্থাপনা কমিটি ও সকল শাখা প্রধান
২৫	পেনশন সংক্রান্ত	পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় অবসরপ্রাপ্তদের তালিকা বিষয়ে সভায় আলোচনা করেন।	১. ডিসেম্বর ২০৩০ খ্রি. পর্যন্ত ৮২২ জনের পেনশন ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। পেনশন সহজীকরণ আদেশ ২০২০ এর সংযোজনী-১৮ মোতাবেক অবসর-উত্তর ছুটি, ছুটি নগদায়ন ভাতা প্রাপ্তির লক্ষ্যে আবেদন ও ছুটি মঞ্জুরির আদেশ এবং সাধারণ ভবিষ্যৎ তহবিলের চূড়ান্ত উত্তোলন এর আবেদন ও সংশ্লিষ্ট ফরম এবং পেনশন মঞ্জুরির কাগজপত্রাদি নির্ধারিত সময়ের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। আবেদন প্রাপ্তির পর অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ অধিশাখা)
২৬	নিবাসীদের ডাটাবেজ, আইডি ও দক্ষতা উন্নয়ন	নিবাসীদের কিউআর (QR) কোডযুক্ত আইডি কার্ড এবং ১৮ বছর পরবর্তী পুনর্বাসন ও এতিমখানার ডাটা আপলোড বিষয়ে আলোচনা করা হয়।	১. কিউআর কোডসহ নিবাসীদের ডিজিটাল ডাটা এবং আইডি কার্ডের জন্য রাজস্ব বাজেট থেকে ১ কোটি টাকার প্রকল্প প্রস্তাব পাঠাতে হবে। ২. ৮৫টি সরকারি শিশু পরিবারের নিবাসীদের দক্ষতা উন্নয়নে আড়াই লক্ষ টাকা করে বরাদ্দ প্রদান করতে হবে (প্রতি মাসে রিপোর্ট বাধ্যতামূলক)। ৩. ডেটা আপলোড না করা ১২৬১টি ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানাকে ৩০ আগস্টের মধ্যে ডেটা আপলোড করতে পত্র প্রদান করতে হবে।	পরিচালক (প্রতিষ্ঠান অধিশাখা) ও পরিচালক (পরিকল্পনা উন্নয়ন অধিশাখা)
২৭	কৃত্রিম অঙ্গ উৎপাদন প্রকল্প (ERCPH) ও জরাজীর্ণ ভবন সংস্কার	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) আধুনিক লিম্ব ফ্যাক্টরি স্থাপন এবং জরাজীর্ণ ৩ টি PHTC ও সরকারি আশ্রয় কেন্দ্রসমূহ সংস্কার বিষয়ে আলোচনা করেন।	১. বুয়েট ও বিটেক-এর পরিদর্শনের আদলে কৃত্রিম অঙ্গ প্রকল্পের জন্য মহাপরিচালকের উপস্থিতিতে চূড়ান্ত সভার আয়োজন করতে হবে। ২. গাজীপুর আশ্রয়কেন্দ্রসহ জরাজীর্ণ কেন্দ্রের পুনর্নির্মাণের তালিকা ডিপিপি (DPP) মিটিংয়ে উপস্থাপন করতে হবে।	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)
২৮	শিশু সুরক্ষা অধিশাখা	পরিচালক (শিশু সুরক্ষা)-এর পক্ষ হতে শিশু আইন ২০১৩-এর বিধান অনুযায়ী শিশু কল্যাণ বোর্ডসমূহের কার্যক্রম অধিকতর সক্রিয় ও কার্যকরকরণ এবং শিশু সুরক্ষায় কল-১০৯৮-এর সক্ষমতা বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়।	১। শিশু আইন, ২০১৩-এর বিধান অনুযায়ী জেলা ও উপজেলা পর্যায়ের শিশু কল্যাণ বোর্ডসমূহের কার্যক্রম সচল ও অধিকতর কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ২। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ISO প্রকল্পের সঙ্গে সমন্বয়পূর্বক শিশু সুরক্ষায় Child Helpline 1098-এর কার্যক্রমের সক্ষমতা বৃদ্ধি ও সেবার মানোন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিচালক (শিশু সুরক্ষা অধিশাখা) ও প্রকল্প পরিচালক (আইএসও)
২৯	ভূমি ব্যবস্থাপনা	সমাজসেবা অধিদপ্তরের বেদখলকৃত জমি উদ্ধার বিষয়ে আলোচনা হয়।	জমি দলিলের খতিয়ান ও বাস্তব অবস্থা মূল্যায়নে একজন উপপরিচালককে ৩ মাসের জন্য দায়িত্ব প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ অধিশাখা)
৩০	কর্মচারী স্থায়ীকরণ	২১২ জন কর্মচারীর চাকরি স্থায়ীকরণ নিয়ে সভায় আলোচনা হয়।	কর্মকর্তা-কর্মচারীদের স্থায়ীকরণ নিয়ে মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

ক্রম		আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩১	জিপিএমএস (GPMS)	GPMS লক্ষ্যমাত্রা অর্জন ও উদ্ভাবনী সেবা চালুকরণ।	১. মাঠ পর্যায়ে GPMS-এর ত্রৈমাসিক প্রতিবেদন এপিএ, ইনোভেশন ও সেবা সহজীকরণ শাখায় প্রেরণ করতে হবে। ২. প্রাপ্ত ইনোভেশন আইডিয়া মূল্যায়ন করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ অধিশাখা)
৩২	বিভাগীয় সমাজসেবা কার্যালয় জেলা সমাজসেবা কমপ্লেক্সে স্থানান্তর	বিভাগীয় সমাজসেবা কার্যালয় নিজস্ব জেলা সমাজসেবা কমপ্লেক্সের চতুর্থ তলায় স্থানান্তরের সময়সীমা ও সংস্কার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১. পর্যাপ্ত রুম/ওয়াশরুম না থাকা এবং নোটিশ এ বেধে দেয়া সময়সীমাজনিত সমস্যার কারণে স্থানান্তর প্রক্রিয়া আগামী ডিসেম্বর ২০২৬ এর মধ্যে করতে হবে।	বিভাগীয় পরিচালক (সকল)
৩৩	স্বাস্থ্য ও শিক্ষা মন্ত্রণালয়ের সাথে চুক্তি (MOU)	পরিচালক (প্রতিষ্ঠান) ছোটমণি নিবাসের স্বাস্থ্য সেবা এবং দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের স্কুল ভর্তি সমস্যা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।	১. ৫৩৮টি হাসপাতাল ও ২৫০টি প্রতিষ্ঠানের নিবাসীদের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্য বিভাগের সাথে সমঝোতা স্মারক (MoU) করতে হবে। ২. দৃষ্টি প্রতিবন্ধীদের সমন্বিত স্কুলের রিসোর্স টিচার পদ পূরণ এবং সরকারি স্কুলে ভর্তি নিশ্চিতে শিক্ষা মন্ত্রণালয়ের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রতিষ্ঠান অধিশাখা) ও পরিচালক (কার্যক্রম অধিশাখা)
৩৪	আন্তজার্তিক প্রবীণ দিবস	আন্তজার্তিক প্রবীণ দিবস বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বিদ্যমান ৮ টি শ্রান্তি নিবাস চালু করার জন্য সংশ্লিষ্ট শিশু পরিবারের তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়কে অতিরিক্ত দায়িত্ব প্রদান করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ অধিশাখা)
৩৫	এসডিজি (SDG)	টেকসই উন্নয়ন এসডিজি (SDG) এর লক্ষ্যমাত্রা ৫.৪ এর আলোকে অবৈতনিক গৃহস্থালি কাজের মর্যাদা উন্নীতকরণ ও পারিবারিক কার্যক্রমে নারী-পুরুষের অংশীদারিত্বমূলক দায়িত্ব বন্টনকে উৎসাহিত করণ বিষয়ে আলোচনা হয়।	নারীর অবৈতনিক গৃহস্থালি কাজের মূল্যায়নের জন্য এই অর্থবছরে একটি ডিপিপি তৈরি করতে হবে।	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শাহ মোহাম্মদ মাহবুব
মহাপরিচালক
ও
সভাপতি
সমাজসেবা অধিদপ্তর

নম্বর: ৪১.০১.০০০০.০০০.০২০.০৬.০০০১.২৬. ৪০৯

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩ / ০৬ সেপ্টেম্বর ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, (সকল)।
৫. জাতীয় প্রকল্প পরিচালক, চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৬. কর্মসূচি পরিচালক, সমন্বিত শিশু প্রশিক্ষণ ও পুর্নবাসন কেন্দ্র/প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, সরকারি শিশু পরিবার ও ছোটমনি নিবাস নির্মাণ/পুনঃনির্মাণ শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, ISO-5 project, শ্যামলী, ঢাকা।
৯. অতিরিক্ত পরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০. অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর/জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা।
১১. উপপরিচালক/সমমান (সকল), ...।
১২. মহাব্যবস্থাপক (সকল), এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ।
১৩. তত্ত্বাবধায়ক, শিশু উন্নয়ন কেন্দ্র, টঙ্গী/গাজীপুর/যশোর।
১৪. দপ্তর প্রশাসক, ডি-নথি সিস্টেম, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১৫. সহকারী পরিচালক/সমমান (সকল).....।
১৬. জনাব..... ।

০৬/০৯/২৬

(মোহাম্মদ রেজাউর রহমান)
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন: ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd